



১৫ ফেব্রুয়ারির মধ্যেই নতুন নির্বাচিত সরকার শপথ: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে নতুন সরকার গঠন করা হবে বলে জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) ঠাকুরগাঁওয়ে তাঁর বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ঠাকুরগাঁও-১ আসন থেকে নবনির্বাচিত এই সংসদ সদস্য দলের নিরঙ্কুশ বিজয়কে জনগণের আস্থা ও সমর্থনের প্রতিফলন হিসেবে উল্লেখ করেন।

তিনি বলেন, বিএনপি সবসময় জনগণের রাজনীতি করে। অতীতের স্বৈরাচারী পরিবেশে উগ্রবাদের বিস্তার ঘটেছে এবং বিভিন্ন রাজনৈতিক দলের ওপর দমন-পীড়ন চালানো হয়েছে। এ প্রেক্ষাপটে জামায়াতে ইসলামীও উল্লেখযোগ্য ফল করেছে বলে মন্তব্য করেন তিনি।

মির্জা ফখরুল আরও জানান, জুলাই সনদে বিএনপি যেসব অঙ্গীকারে স্বাক্ষর করেছে, সেগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। একইসঙ্গে ঘোষিত ৩১ দফা কর্মসূচিও বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন তিনি। তিনি বলেন, অন্যান্য রাজনৈতিক দলকে সঙ্গে নিয়েই বিএনপি সংসদে অংশ নেবে।